Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ২৯৭                                                    তারিখঃ ১৭/১২/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **বিদেশী/অফসোর/অনিবাসির ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে সুদের অর্থের উপর উৎসে কর কর্তন হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং- ৩২৩-আইন/আয়কর-১৯/২০২৩, তারিখ: ২৮/১১/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনারা জানেন বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দার কারণে বৈদেশিক মুদ্রা সংকটে ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে ডলারের দাম ও বিদেশী ঋণের পরিমান। রপ্তানি বাণিজ্য চলমান রাখা, মূলধনী যন্ত্রপাতি ক্রয়সহ অন্যান্য বিভিন্ন প্রয়োজনে আমাদের বৈদেশিক মুদ্রায় ঋণের প্রয়োজন হয়ে থাকে। বিদেশী ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে উৎসে ২০% কর কর্তনে আমাদের অধিক বৈদেশিক মুদ্রা পরিশোধের ফলে ব্যয় বৃদ্ধি পায়। বিদেশী/অফসোর/ অনিবাসির ঋণের সুদের অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে কর কর্তন হতে অব্যহতি প্রদান করা জন্য বিজিএমইএ থেকে অনুরোধ জানানো হয়। জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত এস.আর.ও এর মাধ্যমে অনিবাসির ঋণের সুদের উপর ২০% উৎসে কর কর্তন ২৮/১১/২০২৩ থেকে ২৮/০২/২০২৪ইং তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদান করেছে।

বৈদেশিক মুদ্রা সংকট নিরসনে উক্ত সুবিধা কার্যকর ভূমিকা পালন করবে। উক্ত সুবিধা নিয়মিত বহাল রাখার জন্য আমরা চেষ্টা চালিয়ে যাবো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত এস.আর.ও এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো। আমরা আশা করি উক্ত সুবিধা প্রদানের ফলে বৈদেশিক মুদ্রা যোগানের ক্ষেত্রে রপ্তানিকারকগণ সহায়তা পাবে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩২৩-আইন/আয়কর-১৯/২০২৩।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, অনিবাসীর অনুকূলে উদ্ভূত ঋণের সুদ পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ হইতে বিদেশে প্রেরণকালে উৎসে কর কর্তন হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত কর অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি :**

(ক) উক্ত আইনের ধারা ১১৯ এর উপ-ধারা (২) এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(খ) ঋণের সুদের অগ্রিম পরিশোধের ক্ষেত্রে এই কর অব্যাহতি প্রযোজ্য হইবে না; এবং


মূল্য : টাকা ৪.০০

(গ) ঋণ গ্রহীতাকে উক্ত আইনের ধারা ১১৯ এর উপ-ধারা (২) মোতাবেক আবেদনের সহিত নিম্নবর্ণিত ছকে প্রত্যয়নসহকারে জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিতে হইবে :

ছক

| ক্রমিক নং | যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সুদ পরিশোধ করা হইতেছে তাহার নাম ও টিআইএন নম্বর | যাহার নিকট সুদ বাবদ অর্থ প্রেরণ করা হইতেছে তাহার নাম, নিবন্ধন নম্বর/নিগমন নম্বর, যেই দেশে নিবন্ধিত বা নিগমিত উহার নাম | যে বাবদ ঋণের অর্থ ব্যবহার করা হইয়াছে | প্রেরিত অর্থের পরিমাণ | |
|---|---|---|---|---|---|
| | | | | আসল | সুদ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | | | | | |

**প্রতিপাদন এবং স্বাক্ষর**

আমি ...................... শপথপূর্বক ঘোষণা করিতেছি যে, আবেদনপত্রের সহিত সংযুক্ত তথ্য ও দলিলাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সম্পূর্ণ।

প্রধান কর্মকর্তার স্বাক্ষর

তারিখ :

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd